গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

স্মারক নম্বর-৩৭.০২.০০০০.১১৫.১৬.০০৩.১৯(পার্ট-২). ২৫৬

তারিখ: ২ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ / ১৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা প্রতিপালন এবং তদারকি বাস্তবায়নে গৃহীত পদক্ষেপ প্রসঙ্গে।**

**সূত্র:** মাউশি অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০২.০০০০.১১৫.১৬.০০৩.১৯ (পার্ট-১).২২৭; তারিখ: ১৭ আগস্ট ২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত "সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা, ২০১৯ (পরিমার্জিত সংস্করণ)" এবং মাউশি অধিদপ্তরের প্রাসঙ্গিক নির্দেশনাবলি প্রতিপালনের লক্ষ্যে গত ১৭ আগস্ট ২০২৬ খ্রি. তারিখে উক্ত স্মারকমূলে নির্দেশনা জারি করা হয়।

উক্ত চিঠির মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা পরিবারের সদস্যদের সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে সরকারি নির্দেশিকা পরিপন্থী, আপত্তিকর, বিভ্রান্তিকর বা ভাবমূর্তি ক্ষুণ্নকারী কোনো কার্যক্রম নজরে এলে তা প্রয়োজনীয় তথ্য-প্রমাণসহ মনিটরিং কমিটির আহ্বায়কের নিকট অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়েছিল।

এমতাবস্থায়, উক্ত নির্দেশিকা বাস্তবায়নে আপনার দপ্তর/প্রতিষ্ঠানের মাধ্যমে গৃহীত নিম্নবর্ণিত তথ্যাদি আগামী ২৫/০৯/২০২৬ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে ই-মেইলে (director.mew@gmail.com) প্রেরণের জন্য অনুরোধ করা হলো:

- কর্মকর্তা-কর্মচারীদের অবহিত করা হয়েছে কি না; এবং
- এ সংক্রান্ত মনিটরিং কার্যক্রম এবং মনিটরিং কমিটিতে প্রাপ্ত তথ্য প্রেরণে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

১৭/০৯/২০২৬

**(প্রফেসর টিপু সুলতান)**
পরিচালক
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
ও
আহ্বায়ক
সামাজিক যোগাযোগ মাধ্যম মনিটরিং কমিটি

**বিতরণ (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
২। আঞ্চলিক পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
৩। অধ্যক্ষ (সকল)।

স্মারক নম্বর-৩৭.০২.০০০০.১১৫.১৬.০০৩.১৯(পার্ট-২).

তারিখ: ২ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ / ১৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

**অনুলিপি (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর (পত্রটি মাউশি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২। পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
৩। সংশ্লিষ্ট নথি।

17.09.26

**(মো: ফিরোজুল ইসলাম)**
উপ-পরিচালক
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
ও
সদস্য সচিব
সামাজিক যোগাযোগ মাধ্যম মনিটরিং কমিটি